দৈনিক খবর

তারিখ 15 AUG 1991
পৃষ্ঠা ২ কলাম ৫

46

# দুর্নীতিমুক্ত পরীক্ষার লক্ষ্যে সরকারী পদক্ষেপ

আগামী ২২শে আগস্ট হতে ঢাকা, রাজশাহী ও যশোর শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি পরীক্ষা ১৯৯১ অনুষ্ঠিত হবে। এই পরীক্ষাকে দুর্নীতিমুক্ত করার লক্ষ্যে সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানকল্পে সরকার নিম্নোক্ত পদক্ষেপসমূহ গ্রহণ করেছে:

১। দুর্নীতিমুক্ত পরীক্ষা গ্রহণের

২-এর পাতায় দেখুন

## দুর্নীতিমুক্ত পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর

লক্ষ্যে ইতিমধ্যেই বিভিন্ন গণমাধ্যমে নীতি-নির্দেশনা প্রচার করা হয়েছে।

২। পরীক্ষায় নকল প্রতিরোধের লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে শক্তিশালী ভিজিলেন্স টীম গঠন করা হয়েছে।

৩। পরীক্ষা কেন্দ্রে আইন-শৃংখলা যথাযথভাবে বজায় রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হয়েছে। সকল পরীক্ষা কেন্দ্রে ১৪৪ ধারা জারি করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

৪। পরীক্ষা কেন্দ্রে সকল শ্রেণীর বহিরাগতের উপস্থিতি সম্পূর্ণভাবে নিষিদ্ধ করা হয়েছে এবং তাদের বিরুদ্ধে সর্বোচ্চ দুই বছর কারাদন্ডসহ অর্থ দন্ডের বিধান রয়েছে।

৫। পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে কেউ শৈথিল্য প্রদর্শন করলে সংশ্লিষ্ট ব্যক্তি বা ব্যক্তিবর্গের বিরুদ্ধে আইনানুগ কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। পরীক্ষায় দুর্নীতিতে সহায়তাকারীর বিরুদ্ধে আইন মোতাবেক সর্বোচ্চ চার বছরের কারাদন্ড ও অর্থদন্ডসহ কঠোর শাস্তি প্রদানের বিধান রয়েছে।

৭। পরীক্ষার কাজে নিয়োজিত কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ও পরিদর্শকগণ যাতে নির্ভয়ে নিজ নিজ দায়িত্ব পালন করতে পারেন তার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

৮। শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ড কর্তৃক গঠিত ভিজিলেন্স টীম পূর্ব সংবাদ না দিয়েই বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করবেন।

৯। কোন কেন্দ্রে পরীক্ষা পরিচালনায় শৈথিল্যের কারণে দুর্নীতি ঘটলে উক্ত কেন্দ্র বাতিল করা হবে।

১০। কোন পরিদর্শক দায়িত্ব পালনে অবহেলা দেখালে বা নকল করার সহায়তা করলে তার সরকারী অনুদান বন্ধসহ বিভিন্ন প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। কোন পরীক্ষার্থী প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড, কালি-কলম, প্রয়োজনীয় পেন্সিল ও যন্ত্রপাতি ব্যতীত অন্য কিছু সঙ্গে আনতে পারবে না।

১২। যদি কোন পরীক্ষার্থী পরীক্ষায় অসদুপায় অবলম্বন করে বা শৃংখলার পরিপন্থী কাজে লিপ্ত হয় তাহলে তার বিরুদ্ধে নিম্নোক্ত শাস্তি প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে:

(ক) পরীক্ষার হলে অন্যের সঙ্গে কথা বললে, বেঞ্চে, আসনে বা দেয়ালে কিছু লিখলে, দোষণীয় কাগজপত্র সাথে রাখলে চলতি বছরের পরীক্ষা বাতিল করা হবে।

(খ) পরীক্ষার উত্তরপত্রে দোষণীয় কাগজ দেখে নকল করলে পরীক্ষা হতে দুই বছরের জন্য বিরত রাখা হবে।

(গ) নকল ধরায় বাধা সৃষ্টি করলে, পরিদর্শককে ভয়-ভীতি প্রদর্শন করলে পরীক্ষা হতে তিন বছরের জন্য বিরত রাখা হবে।

(ঘ) বাহির হতে লিখা উত্তরপত্র জমা দিলে, মিথ্যা পরিচয়দান করে পরীক্ষা দিলে পরীক্ষা হতে চার বছর পর্যন্ত বিরত রাখা হবে।

বর্তমান জনপ্রতিনিধিত্বশীল সরকারের নেতৃত্বে আসন্ন এইচএসসি পরীক্ষা যাতে সুষ্ঠুভাবে সম্পাদিত হয়, সেজন্য ছাত্র, শিক্ষক, অভিভাবক, বুদ্ধিজীবী, প্রশাসনিক কর্মকর্তা, আইন-শৃংখলা রক্ষাকারী কর্তৃপক্ষ এবং জনপ্রতিনিধিসহ সর্বস্তরের জনগণের সহযোগিতা কামনা করা হয়েছে। তথ্য বিবরণী।